

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে (জাতীয় বেতনক্ষেত্র ২০১৫ অনুযায়ী) যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

- ১। ৮ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন ক্ষেত্রে “ল্যাবঃ ইলেক্ট্রোস্ট্রোক কাম-স্টোর কীপার” কেমিকোশল বিভাগের ১ (এক) টি স্থায়ী পদ : প্রার্থীকে বি.এসসি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/ বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ২। ৮ঃ ১০২০০-২৪৬৮০/- বেতন ক্ষেত্রে “হাউজ কীপার-কাম-কুক” প্রকৌশল অফিসের গেষ্ট হাউজের (উপাচার্য বাংলোর জন্য) ১টি স্থায়ী পদ : প্রার্থীকে এস.এস.সি পাশ ও রান্নার কাজে প্রশিক্ষণসহ উন্নতমানের রান্নার কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রথম শ্রেণীর কোন গেস্ট হাউজ কিংবা অনুরূপ প্রতিষ্ঠানে বিশিষ্ট অতিথি সেবায় এবং দেশী বিদেশী রান্নার কাজের অভিজ্ঞতা ও ইংরেজী বলার জ্ঞানকে বিশেষ যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। বিশেষ যোগ্য প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাইতে পারে।
- ৩। ৮ঃ ৯০০০-২১৮০০/- বেতন ক্ষেত্রে “ল্যাবঃ এটেনডেন্ট” কেমিকোশল বিভাগের ১টি, রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে এইচ এস সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
- ৪। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন ক্ষেত্রে “এমএলএসএস” পদার্থ বিজ্ঞান বিভাগের ১টি, রসায়ন বিভাগের ১টি, কেমিকোশলের ১টি স্থায়ী পদ : প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

- ৫। ৮ঃ ৮২৫০-২০০১০/- বেতন ক্ষেত্রে “পরিচ্ছন্নতা কর্মী” আহসান উল্লা হলের জন্য ১ (এক) টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হবার সম্ভাবনা আছে) : প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ- “অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি শরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিপ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।”

সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা ও জন্ম তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৩ নং পদের ত্রিমিকের জন্য ৮০/- (আশি) টাকার এবং ৪ হইতে ৫ নং পদের জন্য ৩০/- টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডের (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টল অর্ডাৰ গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে ([www.buet.ac.bd/regoffice](http://www.buet.ac.bd/regoffice)) দেখো যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ : ১৫ /০২ / ২০১৬ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস। সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
- ২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।